গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গোয়াইনঘাট, সিলেট।
gowainghatsylhet.gov.bd

## সিলেট জেলার গোয়াইনঘাট উপজেলার ১৪৩১-১৪৩৩ বাংলা সনে ইজারাযোগ্য ২০.০০ (বিশ) একর পর্যন্ত জলমহাল সমুহের ইজারা বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ অধিশাখা, ঢাকা কর্তৃক ০২-১১-২০২৩ খ্রি. .তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং-৬৬২ এর নির্দেশনা অনুযায়ী উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক অত্র উপজেলাধীন ২০ (বিশ) একর পর্যন্ত বদ্ধ জলমহাল ব্যবস্থাপনার লক্ষ্যে নিম্নোক্ত সিডিউল অনুযায়ী ১৪৩১-১৪৩৩ বঙ্গাব্দ মেয়াদে জলমহাল ইজারা প্রদান করা হবে। ইজারা গ্রহনে আগ্রহীগণকে প্রদত্ত সিডিউল অনুযায়ী ইজারায় অংশ গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

### সিডিউল

| ক্র.নং | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ১ | ০১ মাঘ থেকে ০৫ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ | ইজারার বিজ্ঞপ্তি প্রকাশ। |
| ২ | ০৯ মাঘ থেকে ০৩ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ | অনলাইনে ইজারার আবেদন দাখিল |
| ৩ | ০৬ ফাল্গুনের মধ্যে | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেডকপি ও জামানতের মূলকপি সীলগালাযুক্ত মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল |
| ৪ | ১৬ ফাল্গুনের মধ্যে | অনলাইনে প্রাপ্ত আবেদন সমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই |
| ৫ | ২৬ ফাল্গুনের মধ্যে | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন |
| ৬ | ১০ চৈত্রের মধ্যে | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ এং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন। |
| ৭ | ১৭ চৈত্রের মধ্যে | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারা গ্রহীতাকে অবহিতকরন। |
| ৮ | ২৩ চৈত্রের মধ্যে | ইজারা গ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্য ইজারা মূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারা গ্রহীতার সাথে চুক্তি সম্পাদন |
| ৯ | ১লা বৈশাখ | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া |

### ১৪৩১-১৪৩৩ বাংলা সনে ইজারাযোগ্য জলমহালের তালিকা :-

| ক্র.নং | জলমহালের নাম | মৌজার নাম | দাগ নম্বর | এরিয়া | সরকারী কাঙ্খিত মূল্য | সিডিউল মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | হাতির কুড়ি বৌলাই | দ্বারিরপার, দ্বারিকান্দি | ৩৩,৩৪,৩৫,৩৬ ৩,৪,৮,১১ | ১৮.৫৮ | ৫,৬০,৮৭০.০০ | ৫০০.০০ | |
| ২ | উত্তর কুড়ি (খাসের কুড়ি) | লামাপাড়া | ২২২ | ০৪.৮৬ | ১৪,৭৬০.০০ | ৫০০.০০ | |
| ৩ | বান্দর বিল | চৌধুরীকান্দি | ৬৪,৬৬,৫৮ | ০৮.১৪ | ১৬,৫৫০.০০ | ৫০০.০০ | |
| ৪ | কৈকুড়ি | টেকনাগুল | ২৮,১২৮ | ০২.০০ | ১৬,৬৮৩.০০ | ৫০০.০০ | |
| ৫ | নয়াবাঁধ | গুরকচি হাওর | ১১ | ১৫.১৬ | ৭,২৫৫.০০ | ৫০০.০০ | |
| ৬ | কাটাখাল | যৎনাথা, টুকইর | ১৮৮,২০৬,২২১, ৮৫৩,৮৮৪ | ১৭.২৭ | ৪৬,৫৩০.০০ | ৫০০.০০ | |
| ৭ | অলডরি | গুরকচি হাওর | ২৫,২৬ | ১৫.২৭ | ১৫৯৫৫.০০ | ৫০০.০০ | |
| ৮ | বাচাপড়া | লামাসাতাইন হাওর | .২৬ | ০৯.০২ | ৪২,৫২৬.০০ | ৫০০.০০ | |
| ৯ | বালুকাড়া | খলামাধব, পাতলী কোনা, টেকনাগুল, কুনকিরি, | ১,১২,২,৩৭,২৭৭,১০২ | ০৭.৭২ | ১৮,৩৩৩.০০ | ৫০০.০০ | |
| ১০ | রেমি বিল | লামাসাতাইন হাওর | ০৭,০৮,১০,০২ | ১০.২৬ | ৪,৮৯২.০০ | ৫০০.০০ | |
| ১১ | উগলারকুড়ি | নয়াগ্রাম হাওর | ০৯ | ০৩.০০ | ১৩,৭৮৪.০০ | ৫০০.০০ | |
| ১২ | চেপ্টা কুড়ি | নয়াগ্রাম হাওর | ০৯ | ০২.০০ | ১৬,৩৩৫.০০ | ৫০০.০০ | |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১৩ | শেখের বিল | পাতলীকোনা | ১৫৮ | ০৩.০০ | ১৪৭০০.০০ | ৫০০.০০ | |
| ১৪ | কৈয়াখাল | কৈয়া হাওর পুর্ণানগর | ০২, ৬৩৯ | ০৮.০০ | ২০১৩৬.০০ | ৫০০.০০ | মামলা ভূক্ত |
| ১৫ | ৫০ বড় গোজা | ভেড়িবিল | ৯৮,১০০,১০১ | ১৩.১৮ | ৩৭,০৬৬.০০ | ৫০০.০০ | |
| ১৬ | ১৮২ জারকান্দি | গুজারকান্দি | ৫৪,৫৫,০৩ | ০৪.০৩ | ১,৭৩৬.০০ | ৫০০.০০ | |
| ১৭ | রিয়ারকুড়ি | চাতল হাওর | ৫২,২৬২ | ১৪.১৫ | ৪৯১২.০০ | ৫০০.০০ | |
| ১৮ | ৫৭ -খাগদার | নয়াপাড়া ,বীরমঙ্গল হাওর, আমবাড়ী হাওর, নিজধরুগ্রাম | ৯০,১৩১,১৩২,১২৩ ,১৫৪,২৮০,২৭৯ | ১১.৯৫ | ১,০৩,৯৬২.০০ | ৫০০.০০ | |
| ১৯ | কচুয়া বিল | দ্বারিকান্দি | ৩৭ | ০২.০২ | ২৬,৭৪২.০০ | ৫০০.০০ | |
| ২০ | হাট গাং ২য় খন্ড | দ্বারির পার | ০১ | ০৪.০৪ | ১৪,১১২.০০ | ৫০০.০০ | |
| ২১ | সিংগীখাল কুড়ি | গুজারকান্দি | ৫০,৬০ | ০৮.০৫ | ৪৭,৩৫১.০০ | ৫০০.০০ | |
| ২২ | নালা | লামাপাড়া | ২০৪,২০৫,২০৬ | ১৫.০০ | ১,২১৫.০০ | ৫০০.০০ | |
| ২৩ | হ্যালিপেড | লেঙ্গুড়া | ১০৩৭,১০৩৮ | ০৩.৫০ | ৩,৩৫৫.০০ | ৫০০.০০ | |
| ২৪ | নানিরকুড়ি | চিরুরপার | ৩৯ | ০.৫০ | ৭৫০.০০ | ৫০০.০০ | |
| ২৫ | নাইয়ার কুড়ি, সেতুর কুড়ি, বড় হাদা | হাদারপার | ৩৯,৬০ | ০৪.৬৬ | ৬৯৯০.০০ | ৫০০.০০ | |
| ২৬ | রতনখাল | কুনকিরি | ৬২, ৯৭ | ০৩.৩১ | ৫২৫.০০ | ৫০০.০০ | |
| ২৭ | কাংলা কুড়ি | ভেড়িবিল | ১০৮ | ০২.০০ | ২৮,২৭০.০০ | ৫০০.০০ | |
| ২৮ | কচু বিল | হুদপুর | ০৮ | ৮.৫১ | ২,৭৩০.০০ | ৫০০.০০ | |
| ২৯ | মুক্তিরজান | লামাপাড়া | ১৯২ | ৮.৩৫ | ৪২০.০০ | ৫০০.০০ | |
| ৩০ | ইটাচকি | ইটাচকিকান্দি | ৭০,৯১,৯২ | ০৩.৭১ | ২২,৪৯৮.০০ | ৫০০.০০ | |
| ৩১ | ৯৫ বালিডহর | গাছউরা বন্ধ | ১৯৬,১৯৯ | ০৬.০৩ | ২৭,৬৮১.০০ | ৫০০.০০ | |
| ৩২ | কারুবিলের নালা | শিমুল বিল | ২০ | ১০.৮৭ | ২,০০০.০০ | ৫০০.০০ | |
| ৩৩ | খোয়াইখাল | খাস হাওর,ও যুগিরকান্দি | ৩৭,৩৮,৪৭,৪৮,৭৭ ,১,৩,৪,২০ | ৯.৭৭ | ৩৪৩০.০০ | ৫০০.০০ | |
| ৩৪ | ছিনাইকুড়ি | বাইমারপার ও সিলচান | ১৭/২১,২২,২৩ | ১১.৯৭ | ৪০০০.০০ | ৫০০.০০ | |
| ৩৫ | আন্দুগাং | হাইডর | ১৪৪ | ০৩.৭১ | ২৭৮২৫.০০ | ৫০০.০০ | |
| ৩৬ | নতুন গাং | বাউরভাগ বাউরভাগ হাওর | ৯০ , ৩১ | ১৯.১০ | ৫০০০.০০ | ৫০০.০০ | |
| ৩৭ | কাছলিবিল | লংলাখাল | ৩১০ | ০২.২৯ | ১০৫০.০০ | ৫০০.০০ | |
| ৩৮ | বেলাইন খাল, কাড়াখাল | বাউরভাগ হাওর | ৪৮,৫৮ | ৩.৫২ | ৫,২৮০.০০ | ৫০০.০০ | |
| ৩৯ | চেংকুড়ি | লামনী | ১৬,১৯ | ৫.৫৪ | ১২৬০০.০০ | ৫০০.০০ | |
| ৪০ | জাফরাংগা কুড়ি | কাকুনাখাই হাওর | ৩৯,৪২ | ১৪.০৯ | ২১,১৩৫.০০ | ৫০০.০০ | |
| ৪১ | বেলাইনখাল | বাউরভাগ হাওর | ৪৮, ৫৮ | ৩.৫২ | ১৪৬৮৫.০০ | ৫০০.০০ | |
| ৪২ | বরমতলা | কাঠলীকোনা,দমদমা, ভিতরগুল ও ঝারিকালকান্দি | ২৭,৪৫/১,৪৫/২,৩ ৩,৮,৬,২৭ | ১৬.৯৯ | ২৫,৪৮৫.০০ | ৫০০.০০ | |
| ৪৩ | বৈদা ও অন্যান্য কুড়ি | কাঠলীকোনা | ২৯ | ০৩.১৫ | ৪,৭২৫ | ৫০০.০০ | |

## শর্তাবলী ঃ

০১। আবেদনকারীকে উদ্ধৃত দরের ২০% অর্থ জামানত স্বরূপ যে কোন তফসিলভূক্ত ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, গোয়াইনঘাট, সিলেট এর অনুকুলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে দরপত্রের সঙ্গে জমা করতে হবে। উক্ত জামানতের অর্থ শেষ

বৎসরে ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং সিডিউল মূল্য বাবত ৫০০.০০ (পাঁচশত) টাকা পে-অর্ডারের মাধ্যমে দরপত্রের সাথে জমা প্রদান করতে হবে ;

০২। জলমহালসমূহ কেবল নিবন্ধিত (সমবায়/সমাজসেবা অধিদপ্তর) প্রকৃত মৎস্যজীবি সমিতির অনুকূলে ইজারা দেয়া হবে। তবে এক্ষেত্রে যুব মৎস্যজীবিদের (১৮-৩৫ বৎসর) নিবন্ধিত সমিতি অগ্রাধিকার পাবে। কোন অবস্থাতেই ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবে না।

০৩। জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবি সমিতি যা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধিত, সে সমিতি বিধি মোতাবেক অগ্রাধিকার পাবেন। তবে শর্ত থাকে যে, উক্ত সমিতিতে প্রকৃত মৎস্যজীবি ব্যতীত অন্য কোন সদস্য থাকলে বা কার্যনির্বাহী কমিটিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবি নহেন তাহলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবেন না। আরো শর্ত থাকে যে, আবেদনকারী সমবায় সমিতি বর্তমানে কার্যকর আছে তার প্রমাণ স্বরূপ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করবেন ও বিগত দুই বছরের অডিট রিপোর্ট দাখিল করবেন। তবে নতুন নিবন্ধনকৃত মৎস্যজীবিদের সমবায় সমিতির ক্ষেত্রে এ ধরণের প্রমাণের দরকার হবে না।

০৪। আবেদনপত্রের সাথে প্রাপ্ত সদস্যদের নামের তালিকা যাচাই-বাছাইয়ের ভিত্তিতে প্রকৃত মৎস্যজীবি হিসেবে প্রমাণিত হতে হবে।

০৫। আবেদনকারী মৎস্যজীবি সংগঠন/সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবি নন তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য বলে বিবেচিত হবে।

০৬। আবেদনকারীকে দাখিলকৃত আবেদনের সাথে সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্রসহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে। এছাড়া সংশ্লিষ্ট মৎস্যজীবি সংগঠন/সমিতি ৩ (তিন) বছর মেয়াদী লীজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/রূপরেখা সংযুক্ত করতে হবে। আবেদন অসম্পূর্ণ থাকলে তা বাতিলযোগ্য হবে।

০৭। স্থানীয় প্রকৃত মৎস্যজীবি সংগঠনগুলোর মধ্যে যে সংগঠন/সমিতি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী সে সকল প্রকৃত মৎস্যজীবি সংগঠনকে সংশ্লিষ্ট জলমহাল বন্দোবস্ত প্রদান করা হবে। মৎস্যজীবি সমবায় সমিতির নিবন্ধন কালিন অফিস ঠিকানাকে মূল ঠিকানা গণ্য করে জলমহালের দুরত্ব নির্ণয় করা হবে। যদি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবি সংগঠন পাওয়া না যায় তাহলে সেক্ষেত্রে অন্যান্য পার্শ্ববর্তী মৎস্যজীবি সংগঠন/সমিতিকে জলমহাল বন্দোবস্ত প্রদানের বিষয়ে বিবেচনা করা যাবে।

০৮। আবেদনকারীকে কমপক্ষে সরকারী মূল্যের সমান বা তার অধিক মূল্যে আবেদনপত্র দাখিল করতে হাব। এর চেয়ে কম মূল্যে জলমহাল ইজারা প্রদান করা হবে না।

০৯। জলমহাল ইজারার মেয়াদ ১লা বৈশাখ হতে শুরু হবে। বছরের যেকোন সময়ে জলমহালের ইজারা গ্রহণ করা হোক না কেন ইজারার মেয়াদ ১লা বৈশাখ থেকে কার্যকর হবে। তবে এই সময়ের মধ্যে যদি কোন কারণে খাস কালেকশন করা হয় তবে তা সরকারি খাতে জমা হবে।

১০। ইজারার মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট জলমহালের উপর ইজারা গ্রহিতার সকল অধিকার বিলুপ্ত হবে। ইজারা শেষে কোন জলমহালের উপর ইজারা গ্রহিতার কোন প্রকার দাবী/অধিকার/স্বত্ব থাকবে না এবং উক্ত জলমহালের সকল অধিকার স্বত্ব ও দখল স্বয়ংক্রিয়ভাবে সরকারের উপর ন্যস্ত হবে। ইজারার মেয়াদ শেষ হলে মাছ সংগ্রহের জন্য অতিরিক্ত কোন সময় মঞ্জুর করা হবে না।

১১। মৎস্যজীবি সংগঠন/সমিতিকে যাচাই-বাছাই এর ক্ষেত্রে উক্ত সংগঠন/সমিতির কোন অবৈধ কর্মকান্ডে সম্পৃক্ততা থাকলে এবং ইজারা মূল্য পরিশোধে খেলাপী হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত যেকোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/সমিতিকে উক্ত জলমহাল বন্দোবস্ত প্রদান করা যাবে না।

১২। আবেদনকারী আবেদিত জলমহালের ইজারামূল্যের ২০% ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জামানত হিসেবে দাখিলকৃত আবেদনের সাথে দাখিল করবেন। লীজপ্রাপ্ত সমিতির শেষ বছরের লীজ মানির সাথে উক্ত টাকা সমন্বয় করা হবে। লীজপ্রাপ্ত হয়নি এমন সমিতির ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরত প্রদান করা হবে।

১৩। জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা-২০০৯ এর যাবতীয় শর্ত বিবেচনা করে সংশ্লিষ্ট জলমহালের জন্য উপযুক্ত সংগঠন/সমিতির নামে জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক ইজারা প্রদান করা হবে।

১৪। কোন মৎস্যজীবি সমবায় সমিতি/ সংগঠন দু'টির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবে না।

১৫। সময়মত লীজ মানি পরিশোধ না করা, তথ্য গোপন করা কিংবা অন্য কোন অনিয়মের কারণে কোন জলমহালের লীজ বাতিল করা হলে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি উক্ত জলমহাল পুনরায় যথা নিয়মে লীজ প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন।

১৬। বন্দোবস্ত গ্রহীতা সংশ্লিষ্ট জলমহালের বছর ভিত্তিক উন্নয়ন কার্যক্রম সম্বলিত তথ্য উপজেলা নির্বাহী অফিসারের নিকট পেশ করবেন। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি/ উপজেলা নির্বাহী অফিসার সময়ে সময়ে জলমহালগুলোর ব্যবস্থাপনা সরেজমিনে পরিদর্শন করবেন এবং কোন অনিয়ম পরিলক্ষিত হলে আইন/বিধিগত ব্যবস্থা গ্রহণ করবেন।

১৭। লীজ গ্রহীতা মৎস্যজীবি সংগঠন/সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলীজ অথবা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি তা করে থাকেন তাহলে উক্ত লীজ বাতিল করা হবে এবং জমাকৃত লীজমানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। উক্ত লীজ গ্রহিতা মৎস্যজীবি সংগঠন/সমিতি পরবর্তী ৩ (তিন) বছরের জন্য জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবে না।

১৮। ইজারা প্রদত্ত জলমহালগুলো ইজারা চুক্তির কোন শর্ত লংঘিত হচ্ছে কি-না সে জন্য বিদ্যমান মৎস্য আইনের আওতায় যাচাই বাছাই করে জলমহাল ইজারা চুক্তি ভঙ্গের প্রমাণ পাওয়া গেলে ইজারাদারের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৯। বন্দোবস্ত/ইজারা প্রাপ্ত প্রকৃত মৎস্যজীবি সংগঠন/সমিতি প্রথম বছরের সাকুল্য ইজারামূল্য সিদ্ধান্ত প্রদানের ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে জলমহাল ও পুকুর ইজারা সংক্রান্ত ১/৪৬৩১/০০০০/১২৬১ নং কোডে জমা প্রদান করতে হবে। সম্পূর্ণ টাকা পরিশোধের পর ইজারা চুক্তি সম্পাদন পূর্বক জলমহালের দখল বুঝিয়ে দেয়া হবে। ২য় বছরের সম্পূর্ণ ইজারামূল্য ১ম বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। পরবর্তী বছরের ইজারা মূল্য একইভাবে পূর্ববর্তী বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে

হবে। নির্ধারিত তারিখের মধ্যে সমুদয় ইজারামূল্য পরিশোধে ব্যর্থ হলে ইজারা বাতিল করা হবে এবং জামানতের অর্থ সরকারের অনুকূলে জমা করা হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

২০। বন্দোবস্ত/ইজারাকৃত জলমহালের কোথাও প্রবাহমান প্রাকৃতিক পানি আটকে রাখা যাবে না। বর্ষা মৌসুমে যখন ইজারাকৃত জলাশয় সংলগ্ন প্লাবনভূমির সাথে প্লাবিত হয়ে একক জলাশয়ে রূপ নেয় তখন ইজারাদারের মৎস্য আহরণ অধিকার কেবল ইজারাকৃত জলাশয়ের সীমানার ভিতরে সীমাবদ্ধ থাকবে।

২১। যে সকল জলাশয় সমূহ থেকে (নদী, হাওর, খাল) জমিতে সেচ প্রদানের সুযোগ রয়েছে সেখান থেকে সেচ মৌসুমে সেচ প্রদানে বিঘ্নিত করা যাবে না। যে সকল বদ্ধ জলমহাল বন্দোবস্ত/ইজারা দেয়া হবে সেখান থেকে মৎস্য চাষের ক্ষতি না করে পরিমিত পর্যায়ে সেচ কার্যক্রম পরিচালনার সুযোগ থাকবে। এ ব্যাপারে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করবেন।

২২। ইজারাকৃত জলমহালে কেহ অতিথি পাখিসহ কোন পাখি শিকার করতে পারবে না। সরকারি জলমহালের তীওে সামাজিক বনায়নের মাধ্যমে বনজ সম্পদ বৃদ্ধির ক্ষেত্রে বন্দোবস্ত গ্রহিতা সমিতি চুক্তিবদ্ধ থাকবেন।

২৩। সরকারী জলমহাল ইজারা গ্রহণকারী সমিতি সরকারি নিয়ম অনুযায়ী ইজারা মূল্যের অতিরিক্ত ১৫% ভ্যাট (ভ্যাট কোড- ১/১১৩৩/০০১৮/০৩১১) ও ১০ % আয়কর (উৎস কর) (আয়কর ১/১১৪১/০০৭০/০১১১) নং কোডে প্রদান করবেন।

২৪। জলমহাল/খাস পুকুর সমূহ যে অবস্থায় আছে তদাবস্থায় ইজারা প্রদান করা হবে। দরপত্র দাখিলের পূর্বেই মহাল সরজমিনে পরিদর্শন করে প্রকৃত অবস্থা সঠিকভাবে জেনে শুনে আবেদন পত্র দাখিল করতে হবে। এ ব্যাপারে পরবর্তীতে কোন ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।

২৫। প্রাকৃতিক ভারসাম্য নষ্ট হতে পারে এ ধরণের কোন কার্যক্রম গ্রহণ করা যাবে না। জলমহালের প্রাকৃতিক পরিবেশ পরিবর্তনসহ কোন প্রকার ক্ষতি সাধন করা যাবে না।

২৬। বন্দোবস্ত/ইজারাকৃত জলমহালের কোথাও প্রবহমান প্রাকৃতিক পানি আটকে রাখা যাবে না।

২৭। ইজারাকৃত জলামহালে কোন রাক্ষুসে মাছ চাষ করা যাবে না। বন্দোবস্ত গ্রহীতা সরকারি জলমহালে বিষ প্রয়োগ করে কিংবা নিষিদ্ধ ঘোষিত জাল দ্বারা বা মৎস্য আইনে নিষিদ্ধ অন্য কোন উপায়ে মৎস্য শিকার করতে পারবে না।

২৮। জলমহালসমূহের তীরবর্তী সরকারি ভূমিতে পরিবেশ বান্ধব করচ গাছের সৃষ্টি করতে হবে, যা মাছ চাষের নিরাপদ আশ্রয় ভূমি হিসেবে গন্য হবে।

২৯। বর্তমান প্রচলিত নীতিমালা এবং এ বিষয়ে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সকল বিধি-বিধান/আইন-কানুন বন্দোবস্ত গ্রহীতা মানতে বাধ্য থাকবেন।

৩০। জলমহালে মৎস্য সম্পদ পরিচর্যামূলক ক্ষেত্র ভিত্তিক গবেষনা ও তথ্য সংগ্রহের উদ্দেশ্যে মৎস্য বিজ্ঞানীদের অবাধ বিচরণ, তথ্য সংগ্রহ ও নিজ খরচায় মৎস্য আহরণ, পরিবেশগত তথ্য সংগ্রহ ইত্যাদি কর্মকান্ড পরিচালনার জন্য মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয়ের অধিকার থাকবে।

৩১। ইজারা সংক্রান্ত সরকারি নীতিমালা ও সময়ে সময়ে জারীকৃত সরকারি বিধান সমূহ ইজারা গ্রহীতাকে মেনে চলতে হবে।

৩২। স্বত্ব মামলাভূক্ত জলমহাল/খাস পুকুরের ক্ষেত্রে ইজারা প্রদানের বিষয়ে বিধি নিষেধ আরোপিত না থাকলে ইজারা কার্যক্রম অব্যাহত থাকবে।

৩৩। কোন জলমহাল/খাস পুকুর ইজারা প্রদান করা হয়ে থাকলে বা ইজারা কার্যক্রম গ্রহণের কোন পর্যায়ে কোন স্বত্ব মামলার উদ্ভব হলে/কোন বিজ্ঞ আদালত কর্তৃক নিষেধাজ্ঞা জারী হলে ইজারাকৃত মূল্য ফেরত প্রদান করা হবে না বা কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৩৪। কোন জলমহাল/ খাস পুকুর ইজারা কার্যক্রমের পর্যায়ে উর্ধ্বতন কর্তৃপক্ষসহ বিজ্ঞ আদালতের নিষেধাজ্ঞা প্রত্যাহার হলে স্বয়ংক্রিয়ভাবে ইজারা কার্যক্রম অব্যাহত থাকবে।

৩৫। যে সমস্ত জলমহালের ক্ষেত্রে বিজ্ঞ আদালতের নিষেধাজ্ঞা/আদালত কর্তৃক স্বত্ব মোকদ্দমা/কিংবা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক বারিত করা হয়েছে সে সমস্ত জলমহাল/খাস পুকুর এ বিজ্ঞপ্তির আওতামুক্ত থাকবে অর্থাৎ সে সমস্ত মহালের ক্ষেত্রে এ বিজ্ঞপ্তির কার্যকারিতা থাকবে না।

৩৬। সর্বাবস্থায় সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ অনুসরণ করা হবে। অর্থাৎ এই নীতিমালার আলোকে বন্দোবস্ত প্রদান করা হবে।

৩৭। পরিপত্রের সাথে সমিতির সকল সদস্য প্রকৃত মৎস্যজীবি মর্মে উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক প্রদত্ত হালনাগাদ প্রত্যয়ন দাখিল করতে হবে।

৩৮। সর্বক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৩৯। জলমহাল ইজারা বিজ্ঞপ্তি www.gowainghat.sylhet.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে।

২৭.০৭.২০২৪

মোঃ তানভীর হোসেন
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
ও আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থপনা কমিটি
গোয়াইনঘাট, সিলেট
ফোন: ০৮২২৮-৫৬০০১
unogowainghatsyl@gmail.com

স্মারক নং- ০৫.৪৬.৯১৪১.০০৮.১৩.০০১.১৫-৫৪ (১১০), তারিখ ঃ ১৭ - ০১ - ২০২৪ খ্রিস্টাব্দ।

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য,

০১। মাননীয় সংসদ সদস্য, ২৩২,সিলেট-৪।।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, সিলেট।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট।

অনুলিপি ঃ সদয় অবগতি ও বহুল প্রচারের অনুরোধ সহ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়),

০৬। উপ- পরিচালক, স্থানীয় সরকার , জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
০৭। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), সিলেট।
০৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন,সিলেট। উক্ত বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য সবিনয় অনুরোধ করা হলো।
০৯। জেলা মৎস্য কর্মকর্তা, সিলেট। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১০। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, সিলেট। তাঁকে বিজ্ঞপ্তিটি বাংলাদেশ বেতার,সিলেট এর স্থানীয় সংবাদ ও বিশেষ বুলেটিনের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
১১-৩২। জেলা তথ্য কর্মকর্তা/ জেলা সমবায় কর্মকর্তা/ জেলা সমাজ সেবা কর্মকর্তা, সিলেট। বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
১৪-১৬। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ/ স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তর, গণপূর্ত বিভাগ/ পানি উন্নয়ন বোর্ড, সিলেট। উক্ত বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৭-২০। উপ- পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর/ পবিরার পরিকল্পনা বিভাগ/যুব উন্নয়ন অধিদপ্তর/ সমাজ সেবা অধিদপ্তর ,সিলেট। উক্ত বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
২১-৩১। উপজেলা নির্বাহী অফিসার -------------------------- (সকল), সিলেট। উক্ত বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৩২-৪২। সহকারী কমিশনার (ভূমি)................................. (সকর), সিলেট। উক্ত বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৪৩-৬৭। উপজেলা--------------------কর্মকর্তা (সকল), গোয়াইনঘাট, সিলেট। উক্ত বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের জন্য অনুরোধ করা হলো। এ ছাড়া উপজেলা জলমহাল ইজারা কমিটির সম্মানিত সদস্য হিসাবে দরপত্র খোলার তারিখ ও সময়ে ইজারা কমিটির সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।
৬৮-৭৬। চেয়ারম্যান/ প্রশাসক, ---------------------- ইউ/পি ( সকল), গোয়াইনঘাট,সিলেট। উক্ত বিজ্ঞপ্তিটি মাইকের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো। এ ছাড়া উপজেলা জলমহাল ইজারা কমিটির সম্মানিত সদস্য হিসাবে দরপত্র খোলার তারিখ ও সময়ে ইজারা কমিটির সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।
৭৭। বিজ্ঞাপন ব্যবস্থাপক । দৈনিক .............................. পত্রিকা। উক্ত বিজ্ঞপ্তিটি আগামী ০৩ (তিন) দিনের মধ্যে ০১ (এক) দিনের জন্য ভেতরের পাতায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৭৮-৮৮। সভাপতি/সম্পাদক ------------------------------------------------সমবায় সমিতি লিঃ, গোয়াইনঘাট,সিলেট।
৮৯-১১০। জনাব --------------------------------------------------------------
-------------------------------------------------- গোয়াইনঘাট,সিলেট।

১৭.০১.২০২৪

মোঃ তানভীর হোসেন
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
গোয়াইনঘাট, সিলেট।